

# রোমান্টিসিজম

যুক্তিবাদী দর্শন, বস্তুতাত্ত্বিক জীবন বীক্ষা ও নব্য ধ্রুপদী সাহিত্যদর্শে ভাববস্তু ও আঙ্গিকের কঠোর নিয়মানুগত্বের বিরুদ্ধে একটি বিকল্প নন্দনভাবনা।

সপ্তদশ ও অষ্টাদশ শতকের শুরুতে ইংল্যান্ডে রোমান্টিক আন্দোলনের সূচনা হয়।

১৭৯৮ খ্রিস্টাব্দে ওয়ার্ডস্‌ওয়ার্থ ও কোলরীজের কাব্য সংকলন এর প্রকাশ এই আন্দোলনের জন্মলগ্ন বলে ধরা হয়।

অভিজাত রক্ষনশীলতা ও প্রাকরণিক বাধ্যবাধকতার বিরুদ্ধে বিদ্রোহ করে কল্পনার নির্বাধ মুক্তির আনন্দে শিল্প সাহিত্যকে নানা রূপে রসে সৌন্দর্যচেতনায় অভিসঞ্চিত করার নামই রোমান্টিসিজম।

“an extraordinary development of imaginative sensibility” – অধ্যাপক হারফোর্ড

“The addition of strangeness to beauty” – ওয়াল্টার পেটার

“The Renaissance of Wonder” – ওয়ার্টস্‌ ডালটন

“The return to Nature” – এডওয়ার্ড আলবার্ট

## রোমান্টিসিজমের বৈশিষ্ট্য

ব্যক্তিনিষ্ঠতা, আত্মভাবনায় প্রধান, সামাজিক দায়বদ্ধতা থাকে না।

স্বেচ্ছাচারিতা, প্রচলিত রীতি নীতিকে অস্বীকার।

গতিশীলতা, বাস্তব জগতের রূপকে পরিত্যাগ।

আবেগপ্রবণতা, অতৃপ্তি, বিষণ্ণতা ও নৈরাশ্যবোধ

সৌন্দর্যপ্রিয়তা

অভিনব প্রকৃতি প্রীতি

আধ্যাত্মিক নিঃসঙ্গতা

উপেক্ষিত মানুষের প্রতি বিস্ময় বিমুগ্ধ শ্রদ্ধা ও মমত্ববোধ

প্রচলিত কাব্যদর্শনের বিরোধিতা

পাঠক মনে তীব্র বিস্ময় ও রহস্যসৃষ্টি

# ক্লাসিসিজম ও রোমান্টিসিজম এর পার্থক্য

ক্লাসিসিজম	রোমান্টিসিজম
১। বাস্তবতা ও প্রত্যক্ষতা, রূঢ় বাস্তবকে যথাযথভাবে প্রকাশ।	১। ব্যক্তিনিষ্ঠতা, কবির একান্ত ভালোলাগা মন্দ লাগার প্রকাশ।
২। থাকে যুক্তি, বুদ্ধি অভিজ্ঞতা	২। যুক্তি, বুদ্ধির অভিজ্ঞতা থাকে না।
৩। থাকে গৌরব সম্মতি	৩। গৌরব সম্মতি থাকে না।
৪। মোটা তুলির বর্ণনা	৪। সূক্ষ্ম তুলির বর্ণনা
৫। স্থাপত্যধর্মী গঠনরীতি	৫। এমন গঠনরীতি দেখা যায় না।
৬। ক্লাসিক কল্পনা মানব চরিত্রকে সংযত ও সংহত করে।	৬। রোমান্টিক কল্পনা মানব চরিত্রকে আন্দোলিত, উদ্বেলিত ও সচল করে।
৭। সীমাকে চিত্রিত করে	৭। অসীমকে চিত্রিত করে।

# ক্লাসিসিজম ও রোমান্টিসিজম এর পার্থক্য

ক্লাসিসিজম	রোমান্টিসিজম
৮। ঐতিহ্যের অনুবর্তন	৮। ঐতিহ্যকে অস্বীকার
৯। চারিত্রিক সমুন্নতি	৯। চারিত্রিক সমুন্নতির প্রশ্নই থাকে না।
১০। ক্লাসিক সাহিত্য তন্ময়	১০। রোম্যান্টিক সাহিত্য মন্ময়।